

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ অধিশাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.০০০০.০১৭.৯৯.০০৭.১৫(অংশ-২)-৩৭৯২ তারিখ : ২৩ ভাদ্র, ১৪২৩ বঙ্গাব্দ।
০৭ সেপ্টেম্বর, ২০১৬ খ্রিঃ।

বিষয় : জনাব মোঃ হারেজ তালুকদার গং, চাঁদপুর ইউনিয়ন, বোয়ালমারী, ফরিদপুর এ বিভাগের সচিব মহোদয় বরাবর আবেদন করে ফরিদপুর জেলার বোয়ালমারী উপজেলাধীন চাঁদপুর ইউনিয়নটি ফরিদপুর সদর উপজেলায় অন্তর্ভুক্তি না করার আবেদন।

সূত্র : জনাব মোঃ হারেজ তালুকদার গং, চাঁদপুর ইউনিয়ন, বোয়ালমারী, ফরিদপুর এর আবেদন।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ১১ ধারা মোতাবেক নতুন ইউনিয়ন গঠন এবং কোন ইউনিয়ন বা ওয়ার্ডকে একাধিক ইউনিয়ন বা ওয়ার্ডে বিভক্তকরণের এখতিয়ার সংশ্লিষ্ট জেলা প্রশাসকের। এ ছাড়া একই আইনের ধারা ১৩ (৮) অনুযায়ী সীমানা নির্ধারণের পর সরকারী গেজেট প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার ক্ষমতাবান। উক্ত আইনের ধারা ১৩(৭) অনুযায়ী ইউনিয়ন পরিষদের ওয়ার্ডসমূহের সীমানা নির্ধারণ সংক্রান্ত আপীল কর্তৃপক্ষ সংশ্লিষ্ট জেলা প্রশাসক।

০২। এমতাবস্থায়, জনাব মোঃ হারেজ তালুকদার গং, চাঁদপুর ইউনিয়ন, বোয়ালমারী, ফরিদপুর এর আবেদনটি জেলা প্রশাসক, ফরিদপুর এর নিকট প্রেরণ করে উল্লিখিত বিধানমতে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে।

(সৈয়দ মোঃ নূরুল বাসির)
উপসচিব

☎ ৯৫১৪১৯০

Email : lgup1@lgd.gov.bd

জেলা প্রশাসক
ফরিদপুর।

অনুলিপিঃ

প্রকারী প্রোগ্রামার

স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।